ক অজ খ গড় গ পরি ঘ অ

রাজশেখর বসুর ছদ্মনাম কোনটি?
ক বনফুল খ গাজী মিয়া
গ নীল লোহিত ঘ পরশুরাম

নিচের কোন বাগ্‌ধারাটির অর্থ ভিন্ন?
ক অহিনকুল সম্বন্ধ খ আদায়-কাঁচকলায়
গ ঢাকের কাঠি ঘ দা-কুমড়া

'শোকানল' শব্দের যথার্থ ব্যাসবাক্য কোনটি?
ক শোকের অনল খ শোকরূপ অনল
গ শোকের ন্যায় অনল ঘ শোক অনলের ন্যায়

কোনটি রবীন্দ্রনাথ ঠাকুরের রাজনৈতিক উপন্যাস?
ক গোরা খ শেষের কবিতা
গ নৌকাডুবি ঘ চোখের বালি

'বলার ইচ্ছা'- এর এককথায় প্রকাশ কোনটি?
ক জিজীবিষা খ বক্তব্য গ বিবক্ষা ঘ বিবিক্ষা

নিচের কোন বানানটি প্রমিত?
ক শুচিস্মিতা খ সুচিস্মিতা
গ শুচিস্মিতা ঘ সুচিস্মিতা

'অতসী মামী' কোন ধরনের রচনা?
ক উপন্যাস খ কবিতা গ নাটক ঘ ছোটগল্প

'কি হেতু এসেছ তুমি, কহ বিস্তারিয়া' এখানে 'হেতু' অনুসর্গটি কী অর্থ প্রকাশ করেছে?
ক প্রার্থনা খ প্রসঙ্গ গ ব্যাপার ঘ নিমিত্ত

'মুক্তি পেতে ইচ্ছুক' এককথায় কী বলে?
ক মুমুক্ষু খ মুমূর্ষু গ মুমুক্ষু ঘ মুমুক্ষা

'হর্ষণ' শব্দের অর্থ কী?
ক দেখা খ হাসা গ চাষ ঘ আনন্দ

'আমার জ্বর জ্বর লাগছে' এটি কোন ধরনের বাক্য?
ক দ্বিরুক্ত খ সরল গ মিশ্র ঘ যৌগিক

'ধূসর পাণ্ডুলিপি' কাব্যগ্রন্থের লেখক কে?
ক আহসান হাবীব খ বিষ্ণু দে
গ শামসুর রাহমান ঘ জীবনানন্দ দাশ

কাজী নজরুল ইসলামের 'বিদ্রোহী' কবিতাটি কোন পত্রিকায় প্রকাশিত হয়?
ক মাসিক মোহাম্মদী খ সাপ্তাহিক বিজলী
গ দৈনিক নবযুগ ঘ ধূমকেতু

'অলীক'-এর বিপরীত শব্দ কোনটি?
ক মিথ্যা খ সত্য গ সচল ঘ হিংসা

'Ratio' শব্দটির পারিভাষিক রূপ কোনটি?
ক নিত্যক্রম খ ভগ্নাংশ গ অনুপাত ঘ সারি

'বাবা বাড়ি নেই'-বাক্যটিতে 'বাড়ি' কোন কারকে কোন বিভক্তি?
ক কর্তায় শূন্য খ করণে শূন্য
গ অপাদানে শূন্য ঘ অধিকরণে শূন্য

কমা অপেক্ষা বেশি বিরতির প্রয়োজন হলে কোন বিরাম চিহ্নটি বসে?
ক দাঁড়ি (।) খ কোলন (:)
গ সেমিকোলন (;) ঘ ড্যাস (-)

Choose the correct prepositions: 'She had faith — and hopes — the future.
ক in, for খ for, in গ in, with ঘ for, to

Choose the correct spelling:
ক Embarras খ Embarrass
গ Emberass ঘ Embaruss

Use the correct verb: 'The farmer— chickens for living.'
ক raises খ rouses গ rises ঘ rose

Who write 'The Strange Case of Dr. Jekyll and Mr. Hyde'?
ক H.G. Wells খ Arthur Conan Doyle
গ George Orwell ঘ R.L. Stevenson

Which of the following is the gender specific term for a male deer?
ক buck খ stag গ caribou ঘ raindeer

Choose the word opposite in meaning to the word 'vivid'.
ক vague খ bright গ lively ঘ colourful

উত্তর

১.	ক
২.	ক
৩.	গ
৪.	ক
৫.	গ
৬.	খ
৭.	গ
৮.	গ
৯.	ঘ
১০.	গ
১১.	খ
১২.	ক
১৩.	গ
১৪.	ক
১৫.	ঘ
১৬.	ঘ
১৭.	ক
১৮.	ঘ
১৯.	খ
২০.	ঘ
২১.	খ
২২.	খ
২৩.	গ
২৪.	ঘ
২৫.	গ
২৬.	ক
২৭.	খ
২৮.	ক
২৯.	ঘ
৩০.	খ
৩১.	ক

সান ম্যারিনোর সরকারি ভাষা ইতালিয়ান

৩২. The verb form of 'friend' is—
ক enfriend খ friend
গ disfriend ঘ befriend

৩৩. He spoke as if he — it.
ক knew খ were know
গ would know ঘ had known

৩৪. I looked forward—your letter.
ক to receive খ to have received
গ to be received ঘ to receiving

৩৫. The phrase 'french leave' means —
ক unlicensed leave খ authorized leave
গ leave for visiting France ঘ leave for enjoyment

৩৬. T. S. Eliot is a — poet.
ক 17th century খ 18th century
গ 19th century ঘ 20th century

৩৭. Find out the correct spelling—
ক Indescrition খ Indiscretion
গ Indiscrition ঘ Indescretion

৩৮. Identify the underlined word: Walking is a good exercise.
ক Noun খ Adjective গ Verb ঘ Adverb

৩৯. The adjective form of the word 'width' is—
ক wide খ wider
গ widen ঘ none of them

৪০. 'Sibling' is a — gender.
ক neuter খ masculine
গ feminine ঘ common

৪১. He — the room just now.
ক has left খ left
গ was left ঘ had left

৪২. One who deals in cattle is—
ক jockey খ seller
গ drover ঘ auctioneer

৪৩. কোন কবিতাটি William Blake এর লেখা?
ক The Traveller খ The School Boy
গ The Daffodils ঘ All of the above

৪৪. He will stick — nothing.
ক to খ with গ of ঘ for

৪৫. Worse শব্দটি Adjective এর কোন degree?
ক Assertive খ Positive
গ Comparative ঘ Superlative

৪৬. Praise-এর antonym কোনটি?
ক Scold খ Reprimand
গ Rebuke ঘ All of them

৪৭. Many শব্দের Synonym কোনটি?
ক Numerous খ Enormous
গ Several ঘ All of answers

৪৮. — mother rose in her.
ক the খ a গ an ঘ no article

৪৯. English — across the world.
ক speaks খ is speaking
গ is spoken ঘ has been spoken

৫০. I am used — in crowed places.
ক to study খ to studying
গ to studied ঘ studing

৫১. কোনো একটি ত্রিভুজের দুইটি কোণের পরিমাণ ২৮° ও ৬২°। ত্রিভুজটি কোন ধরনের?
ক সমকোণী খ সূক্ষ্মকোণী
গ স্থূলকোণী ঘ কোনোটিই নয়

৫২. একজন ব্যাটার ২১টি বাউন্ডারি ও ওভার বাউন্ডারির মাধ্যমে ৯৬ রান করেন। তার বাউন্ডারির সংখ্যা কত?
ক ১৫ খ ১৬ গ ৪৭ ঘ ১৮

৫৩. 5+8+11+14.... ধারাটির কত তম পদ 302?
ক 60তম পদ খ 70তম পদ
গ 90তম পদ ঘ 100তম পদ

৫৪. G+H=10 এবং G−H=4 হলে, H এর মান কত?
ক 14 খ 3 গ 6 ঘ 25

৫৫. সারিটি পূর্ণ করুন : ২৭, ৫, ২৫, ৮, ২৩, ১১, ২১, ...
ক ১৫, ২১ খ ১৪, ১৯
গ ১৬, ২৩ ঘ ১২, ১৯

৫৬. $x=\sqrt{2}+\sqrt{3}$ হলে, $x^3+\frac{1}{x^3}$ এর মান কত?
ক $6\sqrt{2}$ খ $18\sqrt{3}$ গ $9\sqrt{2}$ ঘ $8\sqrt{2}$

৫৭. $(\sqrt[3]{3}\times\sqrt[3]{4})^6$ = কত?
ক 12 খ 48 গ 36 ঘ 144

৫৮. ১২টি বই থেকে ৫টি বই কত প্রকারে বাছাই করা যায় যেখানে ২টি বই সর্বদাই অন্তর্ভুক্ত থাকবে?
ক ১৮৮ খ ১২০ গ ১৪০ ঘ ১৪২

৫৯. যদি $x+5y=24$ এবং $x=3y$ হয়, তাহলে y এর মান কত?
ক 3 খ 7 গ 8 ঘ 9.5

৬০. ১ মিলিয়ন = কত বিলিয়ন?
ক ০.১ বিলিয়ন খ ০.০০০১ বিলিয়ন
গ ০.০১ বিলিয়ন ঘ ০.০০১ বিলিয়ন

৬১. $x<4$ হলে, নিচের কোন মানটি x এর জন্য সত্য হতে পারে?
ক 0 খ 3 গ -4 ঘ সবগুলো

৬২. ১ নটিক্যাল মাইল সমান কত কিলোমিটার?
ক ১.৮৫২ খ ২.৮৭১ গ ২.২৫৮ ঘ ১.৮৫৫

৬৩. একটি রাশি অপর রাশির ৬৪% হলে রাশি দুটির অনুপাত কত?
ক ৯ : ১৬ খ ১৬ : ৯ গ ১৬ : ২৫ ঘ ২৫ : ১৬

৬৪. ১ হতে ২০ পর্যন্ত সংখ্যাগুলোর যোগফল কত?
ক ২৪০ খ ২২০ গ ২৩০ ঘ ২১০

৬৫. কোন লঘিষ্ঠ সংখ্যার সাথে ৩ যোগ করলে যোগফল ২৪,৩৬ ও ৪৮ দ্বারা বিভাজ্য হবে?
ক ৪২ খ ১৪১ গ ৮৭ ঘ ১০৭

৬৬. ৯ জন শ্রমিক ৪ দিনে ১৮০০ টাকা আয় করেন। ৬ জন শ্রমিক কত দিনে সমপরিমাণ অর্থ আয় করবেন?
ক $5\frac{1}{3}$ খ ৬ গ ৯ ঘ ১৮

৬৭. পুত্র ও পিতার বর্তমান বয়সের পার্থক্য ২০ বছর। ৮ বছর পর তাদের বয়সের সমষ্টি ৭২ বছর হলে পুত্রের বর্তমান বয়স—
ক ১৮ বছর খ ১৬ বছর গ ১২ বছর ঘ ৮ বছর

উত্তর

৩২.	ঘ
৩৩.	ঘ
৩৪.	ঘ
৩৫.	ক
৩৬.	ঘ
৩৭.	খ
৩৮.	ক
৩৯.	ক
৪০.	ঘ
৪১.	ক
৪২.	গ
৪৩.	খ
৪৪.	ক
৪৫.	গ
৪৬.	ঘ
৪৭.	ঘ
৪৮.	ক
৪৯.	গ
৫০.	খ
৫১.	ক
৫২.	ক
৫৩.	ঘ
৫৪.	খ
৫৫.	খ
৫৬.	খ
৫৭.	ঘ
৫৮.	খ
৫৯.	ক
৬০.	ঘ
৬১.	ঘ
৬২.	ক
৬৩.	গ
৬৪.	ঘ
৬৫.	খ
৬৬.	খ
৬৭.	ক

CamScanner

৬৮. ৬৩০০ সংখ্যাটিকে ন্যূনতম কত দ্বারা গুণ করলে সংখ্যাটি পূর্ণ বর্গ হবে?
ক ২ খ ৩ গ ৫ ঘ ৭

৬৯. দুইটি সংখ্যার অনুপাত ৪ : ৫ এবং তাদের ল.সা.গু ১৬০ হলে ক্ষুদ্রতম সংখ্যাটি কত?
ক ৩২ খ ৪০ গ ৪২ ঘ ৪৫

৭০. ৫০ ও ১০০ এর মধ্যবর্তী বৃহত্তম ও ক্ষুদ্রতম মৌলিক সংখ্যাদ্বয়ের গড় কত?
ক ৭৪ খ ৭৫ গ ৭৬ ঘ ৭৭

৭১. $\sec\theta = 2$ হলে, $\cot\theta$ এর মান—
ক $\frac{1}{\sqrt{5}}$ খ $\frac{1}{\sqrt{3}}$ গ $\sqrt{3}$ ঘ $\sqrt{5}$

৭২. $a+b=\sqrt{7}, a-b=\sqrt{3}$ হলে, $5ab$ এর মান—
ক $\sqrt{3}$ খ $\sqrt{7}$ গ 5 ঘ 7

৭৩. $x-y=3$ হলে, x^3-y^3-9xy এর মান—
ক 27 খ 18 গ 9 ঘ 6

৭৪. একটি খুঁটির ছায়ার দৈর্ঘ্য তার উচ্চতার $\sqrt{3}$ গুণ হলে সূর্যের উন্নতি কোণ-
ক 30^0 খ 45^0 গ 60^0 ঘ 90^0

৭৫. একটি বর্গক্ষেত্রের কর্ণের দৈর্ঘ্য $4\sqrt{2}$ একক হলে বর্গক্ষেত্রের পরিসীমা কত একক?
ক 4 খ 8 গ 16 ঘ ৩২

৭৬. ৩০ আগস্ট ২০২৪ কোন দেশ বিশ্ব বাণিজ্য সংস্থার (WTO) ১৬৬তম সদস্যপদ লাভ করে?
ক হন্ডুরাস খ পূর্ব তিমুর
গ প্যারাগুয়ে ঘ ফিজি

৭৭. বাংলাদেশ ব্যাংকের বর্তমান গভর্নরের নাম কী?
ক দেবপ্রিয় ভট্টাচার্য খ ড. ইফতেখারুজ্জামান
গ কাকলী জাহান ঘ আহসান এইচ মনসুর

৭৮. বিশ্বে প্রবাসী আয় গ্রহণে শীর্ষ দেশ কোনটি?
ক চীন খ ভারত গ যুক্তরাষ্ট্র ঘ রাশিয়া

৭৯. ৩৩তম প্যারিস অলিম্পিকে স্বর্ণ লাভে শীর্ষ দেশ কোনটি?
ক যুক্তরাষ্ট্র ও চীন খ ইতালি ও জার্মানি
গ জাপান ও যুক্তরাজ্য ঘ অস্ট্রেলিয়া ও ফ্রান্স

৮০. নিচের কোনটি অপারেটিং সিস্টেম নয়?
ক লিনাক্স খ মজিলা গ উবুন্টু ঘ উইন্ডোজ

৮১. কত সালে জেনেভা কনভেনশন স্বাক্ষরিত হয়?
ক ১৯৪৩ খ ১৯৪৭ গ ১৯৪৯ ঘ ১৯৫৪

৮২. আন্তর্জাতিক T-20 ক্রিকেটে প্রথম সেঞ্চুরিয়ান কে?
ক এবি ডি ভিলিয়ার্স খ গিলক্রিস্ট
গ ক্রিস গেইল ঘ বিরাট কোহলি

৮৩. গ্রামীন ব্যাংক কত সালে প্রতিষ্ঠিত হয়?
ক ১৯৮৩ খ ১৯৭৬ গ ১৯৮৫ ঘ ১৯৭৯

৮৪. 'সামাজিক ব্যবসা দিবস' কবে পালিত হয়?
ক ২৫ জুন খ ২৮ জুন গ ১০ মে ঘ ১ মে

৮৫. কোটা সংস্কার আন্দোলনে বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের ছাত্র আবু সাঈদ শহীদ হন কবে?
ক ১৬ জুলাই ২০২৪ খ ১৭ জুলাই ২০২৪
গ ৫ আগস্ট ২০২৪ ঘ ৩০ জুলাই ২০২৪

৮৬. UNHCR-এর সদর দপ্তর কোথায় অবস্থিত?
ক লন্ডন খ জেনেভা
গ মাদ্রিদ ঘ নিউইয়র্ক

৮৭. দৃশ্যমান আলোর ক্ষুদ্রতম তরঙ্গ দৈর্ঘ্য কোন রঙের?
ক লাল খ কালো গ সাদা ঘ বেগুনি

৮৮. শের-ই-বাংলা আবুল কাশেম ফজলুল হক কবে জন্মগ্রহণ করেন?
ক ১৩ সেপ্টেম্বর ১৮৭৭ খ ২৬ অক্টোবর ১৮৭৩
গ ১৩ সেপ্টেম্বর ১৮৭৬ ঘ ১০ অক্টোবর ১৮৯৫

৮৯. রয়টার্স (Reuters) কোন দেশের সংবাদ সংস্থা?
ক ফ্রান্স খ যুক্তরাষ্ট্র গ যুক্তরাজ্য ঘ কানাডা

৯০. গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান গৃহীত হওয়ার বাংলা সন ও তারিখ কোনটি?
ক ১৮ কার্তিক, ১৩৭৯ বঙ্গাব্দ
খ ১৮ ভাদ্র ১৩৭৯ বঙ্গাব্দ
গ ১৮ কার্তিক ১৩১৮ বঙ্গাব্দ
ঘ ১৮ ভাদ্র ১৩১৮ বঙ্গাব্দ

৯১. বাংলাদেশের সংবিধানের কত নম্বর অনুচ্ছেদ অনুযায়ী রাষ্ট্রপতি সংসদ আহ্বান, স্থগিত ও ভেঙে দিতে পারেন?
ক ৬৭ খ ৭০ গ ৭১ ঘ ৭২

৯২. কোন চুক্তি অনুযায়ী European Economic Community (EEC) গঠিত হয়?
ক মস্ট্রিল চুক্তি খ প্যারিস চুক্তি
গ রোম চুক্তি ঘ জেনেভা চুক্তি

৯৩. পরিবেশ রক্ষায় একটি দেশের কত শতাংশ বনভূমি প্রয়োজন?
ক ১৫% খ ২০% গ ২৫% ঘ ৩০%

৯৪. 'নেভাটিস বিমান ঘাঁটি' কোন দেশে অবস্থিত?
ক ভারত খ উত্তর কোরিয়া
গ চীন ঘ ইসরায়েল

৯৫. কোন বিভাগে সাক্ষরতার হার সবচেয়ে বেশি?
ক ঢাকা খ সিলেট
গ ময়মনসিংহ ঘ বরিশাল

৯৬. Organisation of Islamic Cooperation (OIC)-এর প্রধান কার্যালয় কোথায় অবস্থিত?
ক তেহরান খ কায়রো গ জেদ্দা ঘ রিয়াদ

৯৭. গ্রিনিচ মান সময় অপেক্ষা বাংলাদেশের সময় কত ঘণ্টা আগে?
ক ৬ ঘণ্টা খ ৫ ঘণ্টা গ ৪ ঘণ্টা ঘ ৩ ঘণ্টা

৯৮. বর্তমান বৃহত্তম ঢাকা জেলা প্রাচীনকালে কোন জনপদের অন্তর্ভুক্ত ছিল?
ক সমতট খ পুণ্ড্র গ বঙ্গ ঘ হরিকেল

৯৯. লোহিত সাগর কোন দুটি মহাদেশকে পৃথক করেছে?
ক ইউরোপ ও আফ্রিকা খ এশিয়া ও ইউরোপ
গ এশিয়া ও অস্ট্রেলিয়া ঘ আফ্রিকা ও এশিয়া

১০০. চীন থেকে ভারতবর্ষে আসা প্রথম পর্যটকের নাম কী?
ক মা হুয়ান খ মেগাস্থিনিস
গ ফা-হিয়েন ঘ হিউয়েন সাং

উত্তর
৬৮. ঘ
৬৯. ক
৭০. খ
৭১. খ
৭২. গ
৭৩. ক
৭৪. ক
৭৫. গ
৭৬. খ
৭৭. ঘ
৭৮. খ
৭৯. ঘ
৮০. খ
৮১. গ
৮২. গ
৮৩. ক
৮৪. খ
৮৫. ক
৮৬. খ
৮৭. ঘ
৮৮. খ
৮৯. গ
৯০. ক
৯১. ঘ
৯২. গ
৯৩. গ
৯৪. ঘ
৯৫. ঘ
৯৬. গ
৯৭. ক
৯৮. গ
৯৯. ঘ
১০০. গ

বিশ্ববিদ্যালয় ভর্তি

চতুর্থ পর্ব

এইচএসসির পর উচ্চশিক্ষা গ্রহণের জন্য দেশের বিশ্ববিদ্যালয়গুলোতে পড়ার স্বপ্ন লাখো শিক্ষার্থীর। জীবনের অন্যতম গুরুত্বপূর্ণ ভর্তি পরীক্ষায় নিজেকে সেরা প্রমাণ করার জন্য কিছু কৌশল ও ভালো প্রস্তুতির বিকল্প নেই।

গুচ্ছ ভর্তি পরীক্ষা

২৪ বিশ্ববিদ্যালয়

প্রতি ইউনিটে MCQ পদ্ধতিতে ১ ঘণ্টায় ১০০ নম্বরের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। প্রতিটি ভুল উত্তরের জন্য ০.২৫ নম্বর কাটা যাবে। পাস নম্বর ৩০।

ইউনিটভিত্তিক মানবণ্টন ও প্রস্তুতি

- **ইউনিট A :** পদার্থবিদ্যা-২৫, রসায়ন-২৫, গণিত-২৫, জীববিদ্যা-২৫, বাংলা-২৫, ইংরেজি-২৫।
  - মোট ৪টি বিষয়ে পরীক্ষা দিতে হবে।
  - পদার্থবিদ্যা ও রসায়ন বিষয়ে পরীক্ষা দেওয়া বাধ্যতামূলক।
  - গণিত ও জীববিদ্যার মধ্যে অন্তত একটি বিষয়ে অবশ্যই পরীক্ষা দিতে হবে। তবে অন্যটির পরিবর্তে বাংলা অথবা ইংরেজি বিষয়ে পরীক্ষা দেওয়া যাবে।
- **ইউনিট B :** বাংলা-৩৫, ইংরেজি-৩৫, সাধারণ জ্ঞান-৩০
- **ইউনিট C :** হিসাব বিজ্ঞান-৩৫, ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা-৩৫, বাংলা-১৫, ইংরেজি-১৫।

৯ কৃষি

MCQ পদ্ধতিতে ১০০ নম্বরের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। মোট ১৫০ নম্বরের ভিত্তিতে ফলাফল প্রস্তুত করা হবে। ভর্তি পরীক্ষার ১০০ নম্বরের সাথে এসএসসি/ সমমানের পরীক্ষায় প্রাপ্ত নম্বরের (চতুর্থ বিষয় ব্যতীত) ভিত্তিতে ২৫ এবং এইচএসসি/সমমানের পরীক্ষায় প্রাপ্ত নম্বরের (চতুর্থ বিষয় ব্যতীত) ভিত্তিতে ২৫ নম্বর যোগ করে ফলাফল প্রস্তুত করে মেধা ও অপেক্ষমাণ তালিকা তৈরি করা হবে। প্রতিটি সঠিক উত্তরের জন্য ১.০০ নম্বর প্রদান করা হবে এবং প্রতিটি ভুল উত্তরের জন্য ০.২৫ নম্বর কাটা যাবে।

- **নম্বর বিভাজন :** ইংরেজি-১০, প্রাণিবিজ্ঞান-১৫, উদ্ভিদবিজ্ঞান-১৫, পদার্থবিজ্ঞান-২০, রসায়ন-২০ এবং গণিত-২০ নম্বর।

৩ প্রকৌশল

MCQ পদ্ধতিতে 'ক' গ্রুপের (ইঞ্জিনিয়ারিং বিভাগগুলো, নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগ) জন্য ২ ঘণ্টা ৩০ মিনিটব্যাপী ৫০০ নম্বরের এবং 'খ' গ্রুপের (ইঞ্জিনিয়ারিং বিভাগগুলো, নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগ এবং স্থাপত্য বিভাগ) জন্য ২ ঘণ্টা ৩০ মিনিটব্যাপী ৫০০ নম্বরের MCQ-এর পাশাপাশি ১ ঘণ্টাব্যাপী অতিরিক্ত মুক্তহস্ত অঙ্কনের ২০০ নম্বরসহ মোট ৭০০ নম্বরের পরীক্ষা হবে।

নম্বর বিভাজন

- **ক গ্রুপ :** গণিত-১৫০, পদার্থবিদ্যা-১৫০, রসায়ন-১৫০, ইংরেজি-৫০।
- **খ গ্রুপ :** গণিত-১৫০, পদার্থবিদ্যা-১৫০, রসায়ন-১৫০, ইংরেজি-৫০, মুক্ত হস্ত অঙ্কন-২০০।

৭ কলেজ

মোট ১২০ নম্বরের (MCQ : ১০০; জিপিএ নম্বরের উপর ভিত্তি করে মাধ্যমিক/সমমান : ১০; উচ্চ মাধ্যমিক/সমমান : ১০) ভিত্তিতে পরীক্ষার্থীদের মেধা তালিকা তৈরি করা হয়। এজন্য শিক্ষার্থীদের মাধ্যমিক/সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ-কে ২ দিয়ে এবং উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ-কে ২ দিয়ে গুণ করে এই দুইয়ের যোগফল ১০০ নম্বরের MCQ পরীক্ষায় প্রাপ্ত নম্বরের সাথে যোগ করে মোট ১২০ নম্বরের ওপর পরীক্ষার্থীর মেধা স্কোর তৈরি করা হয়। ভর্তি-পরীক্ষার ১০০ নম্বরের মধ্যে পাস নম্বর ৪০।

ইউনিটভিত্তিক মানবণ্টন

- **কলা ও সামাজিক বিজ্ঞান ইউনিট :** বাংলা-২৫; ইংরেজি-২৫; সাধারণ জ্ঞান-৫০; সাধারণত বাংলাদেশ ও আন্তর্জাতিক বিষয়াবলি এবং মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ে পঠিত সমাজবিজ্ঞান, পৌরনীতি ও সুশাসন, অর্থনীতি, ইতিহাস, ইসলামের ইতিহাস, যুক্তিবিদ্যা, ভূগোল ইত্যাদি সংশ্লিষ্ট সাধারণ জ্ঞানের প্রশ্ন থাকে।
- **বিজ্ঞান ইউনিট :** পদার্থবিদ্যা-২৫, রসায়ন-২৫, গণিত-২৫, জীববিদ্যা-২৫, বাংলা-২৫, ইংরেজি-২৫
  - প্রত্যেক প্রার্থীকে পদার্থ ও রসায়নসহ মোট ৪টি বিষয়ের প্রশ্ন-উত্তর দিতে হয়।
  - কোনো প্রার্থী ইচ্ছা করলে শুধুমাত্র উচ্চমাধ্যমিক পর্যায়ের ৪র্থ বিষয়ের পরিবর্তে বাংলা অথবা ইংরেজি যেকোনো ১টি বিষয়ে পরীক্ষা দিতে পারবে।
- **ব্যবসায় শিক্ষা ইউনিট :** বাংলা (আবশ্যক)-২০, ইংরেজি (আবশ্যক)-২০, হিসাব বিজ্ঞান (আবশ্যক)-২০, ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা (আবশ্যক)-২০, উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন/ ফিন্যান্স, ব্যাংকিং ও বীমা (যে কোনো ১টি)-২০।

সান ম্যারিনো প্রজাতন্ত্রে দুই জন রাষ্ট্রপ্রধান থাকে, যারা ক্যাপ্টেন রিজেন্ট নামে পরিচিত

চিকিৎসায় ভর্তি পরীক্ষা

মেডিকেল ও ডেন্টাল

মোট ৩০০ নম্বরের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়। এর মধ্যে MCQ পদ্ধতিতে ১ ঘণ্টায় ১০০ নম্বরের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়। প্রতিটি ভুল উত্তরের জন্য ০.২৫ নম্বর কাটা যাবে। পাস নম্বর ৪০। এসএসসি ও এইচএসসির জিপিএর ওপর ২০০ নম্বর নির্ধারিত। এসএসসিতে প্রাপ্ত জিপিএর জন্য ৭৫ নম্বর আর এইচএসসিতে প্রাপ্ত জিপিএর জন্য ১২৫ নম্বর। সেকেন্ড টাইম প্রার্থীদের ক্ষেত্রে মোট নম্বর থেকে ৫ নম্বর কর্তন করা হবে। পূর্ববর্তী শিক্ষাবর্ষে সরকারি মেডিকেল বা ডেন্টাল কলেজ/ইউনিট-এ ভর্তিকৃত ছাত্র/ছাত্রীদের ক্ষেত্রে ১০ নম্বর কর্তন করে মেধা তালিকায় অবস্থান নির্ধারণ করা হয়।

- **নম্বর বিভাজন :** জীববিজ্ঞান-৩০, রসায়নবিদ্যা-২৫, পদার্থবিদ্যা-২০, ইংরেজি-১৫, সাধারণ জ্ঞান (বাংলাদেশের ইতিহাস ও মুক্তিযুদ্ধ)-১০।

নার্সিং অ্যান্ড মিডওয়াইফারি

মোট ১৫০ নম্বরের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়। এর মধ্যে ১০০ নম্বরের MCQ পদ্ধতিতে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়। পাস নম্বর ৪০। এসএসসি ও এইচএসসির জিপিএর ওপর ৫০ নম্বর নির্ধারিত। এসএসসিতে প্রাপ্ত জিপিএর জন্য ২৫ নম্বর আর এইচএসসিতে প্রাপ্ত জিপিএর জন্য ২৫ নম্বর।

নম্বর বিভাজন

- বিএসসি ইন নার্সিং : বাংলা-২০, ইংরেজি-২০, গণিত-১০, বিজ্ঞান-৩০ (জীববিজ্ঞান, পদার্থবিদ্যা ও রসায়ন) এবং সাধারণজ্ঞান-২০
- ডিপ্লোমা ইন নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারি ও ডিপ্লোমা ইন মিডওয়াইফারি : বাংলা-২০, ইংরেজি-২০, সাধারণ গণিত-১০, সাধারণ বিজ্ঞান-২৫ এবং সাধারণ জ্ঞান-২৫।

হোমিওপ্যাথিক, ইউনানি ও আয়ুর্বেদিক

মোট ২০০ নম্বরের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়। এর মধ্যে ১০০ নম্বরের MCQ পদ্ধতিতে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়। পাস নম্বর ৪০। এসএসসি ও এইচএসসির জিপিএর ওপর ১০০ নম্বর নির্ধারিত। এসএসসি বা সমমানের প্রাপ্ত জিপিএর জন্য ৪০ নম্বর আর এইচএসসি বা সমমানের প্রাপ্ত জিপিএর জন্য ৬০ নম্বর।

- **নম্বর বিভাজন :** পদার্থবিদ্যা-২০, রসায়ন-২৫, জীববিজ্ঞান-৩০, ইংরেজি-১৫, সাধারণ জ্ঞান (বাংলাদেশের ইতিহাস ও মুক্তিযুদ্ধ)-১০।

আর্মড ফোর্সেস ও ৫ আর্মি মেডিকেল

মোট ৩০০ নম্বরের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়। এরমধ্যে ১০০ নম্বরের MCQ পদ্ধতিতে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। প্রতিটি ভুল উত্তরের জন্য ০.২৫ নম্বর কাটা যাবে। ১০০ নম্বরের মধ্যে ৪০ এর কম নম্বর প্রাপ্ত পরীক্ষার্থীদের মেধা তালিকায় অন্তর্ভুক্ত করা হবে না। এসএসসি ও এইচএসসির জিপিএর ওপর ২০০ নম্বর নির্ধারিত। এসএসসিতে প্রাপ্ত জিপিএর জন্য ৭৫ নম্বর আর এইচএসসিতে প্রাপ্ত জিপিএর জন্য ১২৫ নম্বর। সেকেন্ড টাইম প্রার্থীদের ক্ষেত্রে মোট নম্বর থেকে ৫ নম্বর কর্তন করা হয়। পূর্ববর্তী শিক্ষাবর্ষে সরকারি মেডিকেল বা ডেন্টাল কলেজ/ ইউনিট-এ ভর্তিকৃত ছাত্র/ছাত্রীদের ক্ষেত্রে ১০ নম্বর কর্তন করে মেধা তালিকায় অবস্থান নির্ধারণ করা হয়।

- **নম্বর বিভাজন :** পদার্থবিদ্যা-৩০, রসায়নবিদ্যা-৩০, জীববিজ্ঞান-৩০, ইংরেজি-০৫, সাধারণ জ্ঞান (বাংলাদেশের ইতিহাস ও মুক্তিযুদ্ধ)-০৫।

অন্যান্য বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা

■ **ইসলামিক ইউনিভার্সিটি অব টেকনোলজি (IUT) :** মোট ১০০ নম্বরের ভর্তি পরীক্ষায় প্রতি প্রশ্নের মান ১। প্রতিটি ভুল উত্তরের জন্য ০.২৫ করে নেগেটিভ মার্কিং থাকবে। পরীক্ষায় কোনো পাস মার্কস নেই। প্রশ্নপত্র সম্পূর্ণ ইংরেজিতে করা হবে। পরীক্ষায় ক্যালকুলেটর ব্যবহার করা যাবে। ভর্তি পরীক্ষা হয় দুই ঘণ্টা।

- **নম্বর বিভাজন :** গণিত-৩৫, পদার্থ-৩৫, রসায়ন-১৫, ইংরেজি-১৫ নম্বর।

■ **মিলিটারি ইনস্টিটিউট অব সায়েন্স অ্যান্ড টেকনোলজি (MIST) :** A (ইঞ্জিনিয়ারিং অ্যান্ড আর্কিটেকচার) ও B (স্থাপত্য) উভয় ইউনিটে মোট ২০০ নম্বরের লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হয়। A ইউনিটে পরীক্ষার সময় ৩ ঘণ্টা ও B ইউনিটে পরীক্ষার সময় ২ ঘণ্টা। দুইগ্রুপে পাস নম্বর ৪০%। সেকেন্ড টাইম প্রার্থীদের ক্ষেত্রে লিখিত পরীক্ষা থেকে ৫ নম্বর কাটা হয়।

যেভাবে মেধা তালিকা তৈরি করা হবে : লিখিত পরীক্ষায় প্রাপ্ত মোট নম্বর ৬০%; HSC/সমমানের উচ্চতর গণিত, পদার্থবিদ্যা এবং রসায়নে প্রাপ্ত মোট নম্বর ২০%; গণিত, পদার্থবিদ্যায় প্রাপ্ত মোট নম্বর এবং এসএসসি/সমমানে রসায়ন ২০%।

নম্বর বিভাজন

- A ইউনিট : গণিত-৯০, পদার্থবিদ্যা-৭০, রসায়ন-৩০, ইংরেজি-১০।
- B ইউনিট : অঙ্কন এবং স্থাপত্য সম্পর্কিত বিষয় ২০০।

■ **বাংলাদেশ ইউনিভার্সিটি অব টেক্সটাইল (BUTEX) :** বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয়ে (BUTEX) মোট ২০০ নম্বরে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়। পাস নম্বর ৪০%।

- **নম্বর বিভাজন :** গণিত-৬০, পদার্থ-৬০, রসায়ন-৬০ এবং ইংরেজি-২০।

দেশের অতন্দ্র প্রহরী সশস্ত্র বাহিনী

বাংলাদেশ সেনাবাহিনী, নৌবাহিনী ও বিমানবাহিনীকে একত্রে বলা হয় বাংলাদেশ সশস্ত্র বাহিনী। দেশের স্বাধীনতা, সার্বভৌমত্ব ও ভৌগোলিক অখণ্ডতা রক্ষা এবং বহিঃশত্রুর আক্রমণ থেকে দেশকে মুক্ত রাখার পবিত্র ও সুমহান দায়িত্ব অর্পিত হয় বাংলাদেশ সশস্ত্র বাহিনীর ওপর। ২১ নভেম্বর সশস্ত্র বাহিনী দিবস উপলক্ষ্যে আমাদের এ আয়োজন।

বাংলাদেশ সশস্ত্র বাহিনী বাংলাদেশের সামরিক বাহিনী যা সেনা, নৌ ও বিমান বাহিনীর সদস্যদের সমন্বয়ে গঠিত। বাংলাদেশের রাষ্ট্রপতি সামরিক বাহিনীর সর্বাধিনায়ক এবং প্রতিরক্ষা মন্ত্রণালয় হলো প্রধান প্রশাসনিক প্রতিষ্ঠান যেখানে সামরিক আইন তৈরি ও বাস্তবায়ন করা হয়। বর্তমানে বাংলাদেশের অন্তর্বর্তীকালীন সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস বাংলাদেশের প্রতিরক্ষা মন্ত্রী। ২১ নভেম্বর ১৯৭১ মুক্তিযুদ্ধ চলাকালে বাংলাদেশের সামরিক বাহিনী গঠিত হয়। এ কারণে এ দিনটিকে সশস্ত্র বাহিনী দিবস হিসেবে পালন করা হয়।

বাংলাদেশ সেনাবাহিনী

১৯৪৭ সালে ভারতবর্ষ বিভক্তের পর থেকে পূর্ব পাকিস্তানে একটি রেজিমেন্ট গঠন করা অত্যাবশ্যক হয়ে পড়ে। ১৫ ফেব্রুয়ারি ১৯৪৮ তদানীন্তন বিহার রেজিমেন্ট থেকে দুটি মুসলমান কোম্পানি নিয়ে প্রথম ব্যাটালিয়ন (সিনিয়র টাইগার্স) গঠনের মাধ্যমে ঢাকার কুর্মিটোলায় 'ইস্টবেঙ্গল রেজিমেন্ট' সৃষ্টি হয়। ১০ এপ্রিল ১৯৭১ বাংলাদেশের অস্থায়ী সরকার প্রতিষ্ঠিত হয়। তখন পাকিস্তান সেনাবাহিনীর অবসরপ্রাপ্ত বাঙালি অফিসার কর্নেল এম. এ. জি. ওসমানীকে বাংলাদেশ মুক্তিবাহিনীর প্রধান সেনাপতি নিযুক্ত করা হয়। ইস্টবেঙ্গল রেজিমেন্টের বিদ্রোহী সদস্যদের নিয়ে নবপ্রতিষ্ঠিত মুক্তিবাহিনীর প্রধান অংশটি গঠিত হয়। ইস্ট বেঙ্গল রেজিমেন্টের নিয়মিত ইউনিটগুলোর সমন্বয়ে ৩টি ব্রিগেড গড়ে ওঠে। 'জেড' ফোর্স 'এস' ফোর্স ও 'কে' ফোর্স নামে পরিচিত। ২১ নভেম্বর ১৯৭১ দেশের তিন বাহিনীকে সংযুক্ত করে সশস্ত্র বাহিনী গঠন করা হয়। স্বাধীনতা যুদ্ধের পর বাংলাদেশ সশস্ত্র বাহিনীর সদর দপ্তর কলকাতা থেকে স্থানান্তরিত হয় ঢাকা ক্যান্টনমেন্টের পুরানো বিমান বন্দরে। ১৫ মার্চ ১৯৭২ পুনরায় এটি স্থানান্তরিত হয়ে বর্তমান অবস্থান ঢাকা সেনানিবাসে আনা হয়।

■ **ইস্ট বেঙ্গল রেজিমেন্ট (EBR) :** ভারতীয় উপমহাদেশে প্রায় সকল বৃহত্তম জাতিগোষ্ঠীর নামে সেনাবাহিনীতে নিজস্ব রেজিমেন্ট থাকলেও কেবল বাঙালি জাতির নামে নিজস্ব কোনো রেজিমেন্ট ছিল না। নিজ জাতির জন্য সেনাবাহিনীতে একটি রেজিমেন্ট গঠনের ইচ্ছা থেকে ১৫ ফেব্রুয়ারি ১৯৪৮ মেজর আবদুল গণি এ রেজিমেন্ট প্রতিষ্ঠা করেন।

■ **সেনাবাহিনীতে নারী সেনা :** ২০০১ সালে সর্বপ্রথম সেনা ক্যাডেট হিসেবে নারীরা যোগদান করেন। বাংলাদেশে প্রথম নারী সৈনিক নিয়োগ দেওয়া শুরু হয় ২৬ জানুয়ারি ২০১৪ (৮৭৯ জনকে)। তবে পেশাগত জীবন শুরু হয় ২৯ জানুয়ারি ২০১৫। ২০১৮ সালে দেশের সর্বপ্রথম নারী মেজর জেনারেল হন সুসানে গীতি। দেশের প্রথম নারী ছত্রীসেনা হলেন জান্নাতুল ফেরদৌস। দেশের প্রথম ছত্রীসেনা দম্পতি মেজর নুসরাত নুর আল চৌধুরী এবং মেজর মোহাম্মদ মঞ্জুরুল হক।

সেনানিবাসে মুক্তিযুদ্ধভিত্তিক জাদুঘর

নাম	অবস্থান
শ্বাশত বাংলা জাদুঘর	রংপুর সেনানিবাস
বিজয়াঙ্গন জাদুঘর	বগুড়া সেনানিবাস
গৌরবাঙ্গন জাদুঘর	যশোর সেনানিবাস
স্মৃতি অম্লান জাদুঘর	চট্টগ্রাম সেনানিবাস
বিজয়কেতন জাদুঘর	ঢাকা সেনানিবাস
সমর জাদুঘর	ময়নামতি সেনানিবাস
বিজয়গাঁথা জাদুঘর	ময়মনসিংহ সেনানিবাস

সশস্ত্র বাহিনীর ৫ বীরশ্রেষ্ঠ

নাম	কর্মস্থল	জন্ম	শহীদ হন	সেক্টর	সমাহিত
সিপাহী মোহাম্মদ মোস্তফা কামাল	সেনাবাহিনী	১৬ ডিসেম্বর ১৯৪৭	১৮ এপ্রিল ১৯৭১	২নং	ব্রাহ্মণবাড়িয়া
ফ্লাইট লে. মতিউর রহমান	বিমানবাহিনী	২৯ অক্টোবর ১৯৪১	২০ আগস্ট ১৯৭১	–	ঢাকা
সিপাহী মোহাম্মদ হামিদুর রহমান	সেনাবাহিনী	২ ফেব্রুয়ারি ১৯৫৩	২৮ অক্টোবর ১৯৭১	৪নং	ঢাকা
ইঞ্জিনরুম আর্টিফিসার রুহুল আমিন	নৌবাহিনী	জুন ১৯৩৫	১০ ডিসেম্বর ১৯৭১	১০নং	খুলনা
ক্যাপ্টেন মহিউদ্দিন জাহাঙ্গীর	সেনাবাহিনী	৭ মার্চ ১৯৪৯	১৪ ডিসেম্বর ১৯৭১	৭নং	চাঁপাইনবাবগঞ্জ

বিশ্বের প্রচীনতম প্রজাতন্ত্র— সান ম্যারিনো (Serenissama Repubblica di San Marino)

CamScanner

বাংলাদেশ নৌবাহিনী

১৯৭১ সালের আগে পূর্ব পাকিস্তানে নৌশক্তি বৃদ্ধির বিষয়টি আলোচনাতেই সীমাবদ্ধ ছিল। বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধ শুরু হলে পাকিস্তান নৌবাহিনীর ফ্রান্সে নির্মাণাধীন ডুবোজাহাজ পিএনএস ম্যাংরো থেকে ৮ জন বাঙালি নাবিক বিদ্রোহ করেন এবং বাংলাদেশে ফিরে নৌবাহিনীর ভিত্তি তৈরি করেন। ১৯৭১ সালের জুলাইয়ে সেক্টর কমান্ডার্স কনফারেন্সে বাংলাদেশ নৌবাহিনীর আনুষ্ঠানিক যাত্রা শুরু হয়। শুরুতে নৌবাহিনীর জনবল ছিল ৪৫ জন আর সরঞ্জাম ছিল ভারত থেকে পাওয়া দুটি টহল জাহাজ পদ্মা ও পলাশ। যুদ্ধের সময় ১০ নম্বর সেক্টর ছিল নৌ সেক্টর। ১৯৭১ সালের ১৫ আগস্ট বাংলাদেশ নৌবাহিনী ও মুক্তিবাহিনীর নৌযোদ্ধারা অপারেশন জ্যাকপট নামক একটি কমান্ডো অভিযান চালান চট্টগ্রাম ও মোংলা সমুদ্রবন্দর এবং চাঁদপুর ও নারায়ণগঞ্জ নদীবন্দরে।

■ **নারী কর্মকর্তা যোগদান :** ২০০০ সালের জানুয়ারিতে সর্বপ্রথম ১৬ জন নারী ক্যাডেট হিসেবে নৌবাহিনীতে যোগ দেন; বাংলাদেশ নৌবাহিনীতে নারী অফিসার নিয়োগ ছিল এই প্রথম।

বাংলাদেশ বিমানবাহিনী

১৯৭১ সালে পূর্ব পাকিস্তানে অবস্থানরত পাকিস্তান বিমানবাহিনীর অধিকাংশ বাঙালি সদস্য উক্ত বাহিনী ত্যাগ করে সক্রিয়ভাবে মুক্তিযুদ্ধে যোগদান করেন। তারাই ২৮ সেপ্টেম্বর ১৯৭১ বাংলাদেশ বিমানবাহিনী গঠন করেন। একটি ডকোটা, একটি DHC-3 অটার এবং একটি আলেটি-৩ হেলিকপ্টার নিয়ে 'কিলো ফ্লাইট' নামে বাংলাদেশ বিমানবাহিনীর যাত্রা শুরু হয়। পাকিস্তান বিমানবাহিনীর ১৭ জন বাঙালি কর্মকর্তা ও ৫০ জন কারিগরি বিমানসেনা ছিলেন বিমান বাহিনীর প্রথম জনবল। এদের প্রধান ছিলেন এয়ার কমোডর এ. কে. খন্দকার। স্বাধীনতার পর পশ্চিম পাকিস্তানে আটকে পড়া বিমানবাহিনীর বাঙালি অফিসার ও সৈন্যরা ফিরে এসে বিমানবাহিনীতে যোগদান করেন।

■ **নারী কর্মকর্তা যোগদান :** ১৭ ডিসেম্বর ২০১৪ দেশের প্রথম বৈমানিক হিসেবে দুইজন নারী কর্মকর্তা নাইমা হক এবং তামান্না-ই লুতফী যুদ্ধ বিমান নিয়ে আকাশে উড়েন। ২৫ নভেম্বর ২০২০ বাংলাদেশ বিমান বাহিনীতে প্রথমবারের মতো ৬৪ জন নারী বিমানসেনা হিসেবে প্রাথমিক রিক্রুট প্রশিক্ষণ শেষ করে। দেশের সামরিক বাহিনীর ইতিহাসে প্রথম নারী বৈমানিক হিসেবে 'সোর্ড অব অনার' পান ফ্লাইং অফিসার রিয়ানা আজাদ।

DGFI

বাংলাদেশের সামরিক গোয়েন্দা সংস্থা প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর (Directorate General of Forces Intelligence—DGFI)। ১৯৭২ সালে এটি গঠিত হয়, তখন এর নাম ছিল ডিরেক্টরেট অব ফোর্সেস ইন্টেলিজেন্স (DFI)। ১৯৭৭ সালে এ সংস্থার কাঠামোগত পরিবর্তন করে নামকরণ করা হয় প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর (DGFI)।

শান্তি মিশনে সশস্ত্র বাহিনী

১৯৮৮ সালে ইরান-ইরাক শান্তি মিশনে (United Nations Iran-Iraq Military Observer Group—UNIIMOG) বাংলাদেশ সেনাবাহিনীর ১৫ জন সদস্যের অংশগ্রহণের মধ্যে দিয়ে শুরু হয় জাতিসংঘ শান্তিরক্ষা মিশনে বাংলাদেশের পথচলা। ১৯৯৩ সালে বাংলাদেশ নৌবাহিনী বিমানবাহিনী শান্তিরক্ষী মিশনে যোগ দেয়।

সামরিক জাদুঘর

মুক্তিযুদ্ধের ইতিহাস এবং সেনা, নৌ ও বিমান বাহিনী সম্পর্কে নতুন প্রজন্মের কাছে তুলে ধরতে ১৯৮৭ সালে বাংলাদেশ সামরিক জাদুঘর মিরপুর সেনানিবাসে প্রতিষ্ঠিত হয়। যা পরবর্তীতে ১৯৯২ সালে ঢাকার বিজয় স্মরণী রোডের পাশে স্থানান্তরিত হয়। বর্তমানে এর নামকরণ করা হয়েছে বঙ্গবন্ধু সামরিক জাদুঘর। ৬ জানুয়ারি ২০২২ নবরূপে বঙ্গবন্ধু সামরিক জাদুঘরের উদ্বোধন করা হয়।

এক নজরে সশস্ত্র বাহিনী

নাম	সেনাবাহিনী	নৌবাহিনী	বিমানবাহিনী
প্রতিষ্ঠা	১৯৭১ সালে	জুলাই ১৯৭১	২৮ সেপ্টেম্বর ১৯৭১
সদরদপ্তর	কুর্মিটোলা, ঢাকা	বনানী, ঢাকা	ঢাকা ক্যান্টনমেন্ট
স্লোগান	সমরে আমরা শান্তিতে আমরা সর্বত্র আমরা দেশের তরে	শান্তিতে সংগ্রামে সমুদ্র দুর্জয়	বাংলার আকাশ রাখিব মুক্ত
প্রথম প্রধান	জেনারেল এম. এ. জি. ওসমানী	ক্যাপ্টেন নূরুল হক	এয়ার ভাইস মার্শাল আবদুল করিম খন্দকার
বর্তমান প্রধান	জেনারেল ওয়াকার-উজ-জামান	অ্যাডমিরাল মোহাম্মদ নাজমুল হাসান	এয়ার চিফ মার্শাল হাসান মাহমুদ খান
প্রতীক	ক্রস-চিহ্নিত দু'টি তরবারি এবং ওপরে কৌণিক অবস্থায় জাতীয় ফুল শাপলা	কাছি বেষ্টিত নোঙর ও এর ওপর শাপলা	উড়ন্ত ঈগলের ওপরে শাপলা এবং দুই পাশে দুটি করে মোট ৪টি তারকা

সান ম্যারিনো স্বাধীনতা লাভ করে ৩০১ খ্রিষ্টাব্দে

মুক্তিযুদ্ধের চেতনাদীপ্ত সংস্কৃতির রাজধানী
ব্রাহ্মণবাড়িয়া

পটভূমি

ব্রাহ্মণবাড়িয়া পূর্বে কুমিল্লা জেলার অন্তর্ভুক্ত ছিল। ১৭৯৩ সালে ত্রিপুরা জেলা প্রতিষ্ঠিত হওয়ার সময় ব্রাহ্মণবাড়িয়ার অধিকাংশ এলাকা ময়মনসিংহ জেলায় সংযুক্ত ছিল। ১৮৩০ সালে সরাইল, দাইদপুর, হরিপুর, বেজুরা ও সতেরখন্দল পরগনা, ময়মনসিংহ হতে ত্রিপুরা জেলায় অন্তর্ভুক্ত হয়। ১৮৬০ সালে নাসিরনগর মহকুমা প্রতিষ্ঠিত হলে ব্রাহ্মণবাড়িয়ার অধিকাংশ এর অধীনস্থ হয়। ১৮৭৫ সালে নাসিরনগর মহকুমার নাম পরিবর্তন করে ব্রাহ্মণবাড়িয়া মহকুমা করা হয়। তার পূর্বেই ১৮৬৮ সালে ব্রাহ্মণবাড়িয়া শহর পৌরসভায় উন্নীত হয়। ১৯৬০ সাল পর্যন্ত ব্রাহ্মণবাড়িয়া একটি মহকুমা হিসেবে পরিচিত ছিল। ১৫ ফেব্রুয়ারি ১৯৮৪ তৎকালীন কুমিল্লা জেলার ব্রাহ্মণবাড়িয়া ও চাঁদপুরকে পৃথক জেলার মর্যাদা দিয়ে গঠিত হয় বর্তমান ব্রাহ্মণবাড়িয়া জেলা।

নামকরণ

সেন বংশের রাজত্বকালে এ অঞ্চলে অভিজাত ব্রাহ্মণকুলের অভাব নিরসনের জন্য সেন বংশের রাজা লক্ষ্ণ সেন আদিসুর কন্যাকুব্জ থেকে কয়েকটি ব্রাহ্মণ পরিবারকে এ অঞ্চলে নিয়ে আসেন। সেই ব্রাহ্মণদের বাড়ির অবস্থানের কারণে এ জেলার নামকরণ ব্রাহ্মণবাড়িয়া হয় বলে অনেকে বিশ্বাস করেন। ব্রাহ্মণবাড়িয়ার বিকৃত নাম 'বি-বাড়িয়া' বহুল প্রচলিত। ২৮ জুন ২০২২ মন্ত্রিপরিষদ বিভাগ সকল ক্ষেত্রে বি-বাড়িয়ার পরিবর্তে 'ব্রাহ্মণবাড়িয়া' লেখার নির্দেশ দেয়।

সাধারণ তথ্যাবলি

- প্রতিষ্ঠা : ১৫ ফেব্রুয়ারি ১৯৮৪
- সীমানা : পূর্বে ভারতের ত্রিপুরা রাজ্য, দক্ষিণে কুমিল্লা, পশ্চিমে নরসিংদী ও কিশোরগঞ্জ এবং উত্তরে সিলেটের হবিগঞ্জ জেলা।
- আয়তন : ১,৮৮১.২০ বর্গ কিমি
- জনসংখ্যা : ৩৩,০৬,৫৬৩ জন [জানুয়ারি ২০২২]
- স্বাক্ষরতা (৭ বছর ঊর্ধ্ব) : ৭৩.৭% [SVRS ২০২৩]

প্রশাসনিক কাঠামো

- উপজেলা : ৯টি— সদর, কসবা, নাসিরনগর, সরাইল, আশুগঞ্জ, আখাউড়া, নবীনগর, বাঞ্ছারামপুর, বিজয়নগর
- থানা : ৯টি ♦ পৌরসভা : ৫টি
- ইউনিয়ন : ১০০টি
- সংসদীয় আসন : ৬টি।

- প্রধান নদনদী ➤ তিতাস, মেঘনা, পুটিয়া, বিজনা, বুড়ি, মধ্যগঙ্গা, হরল, বড়ইচারা, লাখু, সিংরা প্রভৃতি।

কবি আল মাহমুদ : আধুনিক বাংলা সাহিত্যের অন্যতম প্রধান কবি। ব্রাহ্মণবাড়িয়া সদর উপজেলায় জন্মগ্রহণ করেন। ১৯৭১ সালে মুক্তিযুদ্ধে অংশ নেন, যুদ্ধের পরে দৈনিক 'গণকণ্ঠ' পত্রিকায় সম্পাদক হিসেবে যোগ দেন। আল মাহমুদ ১৯৯০'র দশকে ইসলামি ধর্মীয় বোধের দিকে ঝুঁকে পড়েন।

ধীরেন্দ্রনাথ দত্ত : ধীরেন্দ্রনাথ দত্ত ব্রাহ্মণবাড়ীয়া সদর থানার রামরাইলে জন্ম গ্রহণ করেন। তিনি ১৯৪৭ সালে পাকিস্তান গণপরিষদের সদস্য নির্বাচিত হন। ১৯৪৮ সালে পাকিস্তান গণপরিষদে ইংরেজি ও উর্দুর সাথে বাংলাকে পাকিস্তানের অন্যতম রাষ্ট্রভাষা করার প্রস্তাব উত্থাপন করেন।

ব্রাহ্মণবাড়িয়ার ছানামুখী মিষ্টি : এ মিষ্টির প্রচলন করেন মহাদেব পাঁড়ে। ৮ এপ্রিল ২০২৪ এ ছানামুখী মিষ্টির ভৌগোলিক নির্দেশক পণ্য হিসেবে আবেদন করে, পরবর্তীতে স্বীকৃতি লাভ করে।

জানেন কি : ব্রাহ্মণবাড়িয়া জেলা

- আয়তনে : দেশের ৩৬তম
  চট্টগ্রাম বিভাগে : ৮ম
- জনসংখ্যায় : দেশের ১৩তম
  চট্টগ্রাম বিভাগে : ৪র্থ

মুক্তিযুদ্ধে ব্রাহ্মণবাড়িয়া

- সেক্টর ➤ ২নং এবং কিয়দংশ ৩নং.
- হানাদার বা শত্রুমুক্ত দিবস
  ৭ নভেম্বর : নাসিরনগর
  ৩০ নভেম্বর: বিজয়নগর
  ২ ডিসেম্বর : কসবা
  ৬ ডিসেম্বর : আখাউড়া
  ৮ ডিসেম্বর : ব্রাহ্মণবাড়িয়া সদর, সরাইল
  ১০ ডিসেম্বর: আশুগঞ্জ
  ১৪ ডিসেম্বর: নবীনগর, বাঞ্ছারামপুর

উল্লেখযোগ্য স্থাপনা ও দর্শনীয় স্থান

- সদর ➤ তিতাস গ্যাসক্ষেত্র।
- আখাউড়া : আখাউড়া স্থল বন্দর, বীরশ্রেষ্ঠ মোস্তফা কামালের কবর।
- নবীনগর : নবীনগর জমিদার বাড়ি।
- নাসিরনগর : জয়কুমার জমিদার বাড়ি, হরিপুর বড়বাড়ি, কামাড়িয়া পার্ক।
- আশুগঞ্জ : মেঘনা নদীর পার, আশুগঞ্জ সারকারখানা কেমিকেল কোং।
- বিজয়নগর : কালাছড়া, হরিহর টি এস্টেট।

উল্লেখযোগ্য ব্যক্তিত্ব

- মুক্তিযোদ্ধা : সাফিল মিয়া (বীর উত্তম), শামসুল হক (বীর বিক্রম), শাহজাহান সিদ্দিকী (বীর বিক্রম)।
- রাজনৈতিক ব্যক্তিত্ব : নুরুল আমিন (পাকিস্তানের অষ্টম প্রধানমন্ত্রী), অলি আহাদ (ভাষা সৈনিক এবং রাজনীতিবিদ), আবদুল কুদ্দুস মাখন (রাজনীতিবিদ এবং বীর মুক্তিযোদ্ধা)।
- শিক্ষাবিদ ও সাহিত্যিক : আবদুল কাদির (কবি, সাহিত্য সমালোচক), অদ্বৈত মল্লবর্মণ (ঔপন্যাসিক)।
- সাংস্কৃতিক ব্যক্তিত্ব : সুর সম্রাট ওস্তাদ আলাউদ্দিন খাঁ, মনমোহন দত্ত (মলয়া সংগীতের জনক), আলমগীর (অভিনেতা), রুনা লায়লা (কণ্ঠশিল্পী), ডলি জহুর (অভিনেত্রী)।
- অন্যান্য ব্যক্তিত্ব : ঈসা খান (বারো ভূঁইয়াদের অন্যতম), ড. আকবর আলি খান (অর্থনীতিবিদ), সালেহ উদ্দিন আহমেদ (বর্তমান অর্থ উপদেষ্টা ও বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর)।

সান ম্যারিনো জাতিসংঘের সদস্যপদ লাভ করে— ১৯৯২ সালে

আলুটিলা-রিছাং-গিরি বৈচিত্র্যময় খাগড়াছড়ি

পটভূমি

খ্রিষ্টীয় ষষ্ঠ শতাব্দী থেকে চতুর্দশ শতাব্দী পর্যন্ত খাগড়াছড়ি কখনো ত্রিপুরা, কখনো-বা আরাকান রাজন্যবর্গ দ্বারা শাসিত হয়। তন্মধ্যে ৫৯০-৯৫৩ সাল পর্যন্ত মোট ৩৬৩ বছর ধরে ত্রিপুরা রাজাগণ বংশ পরম্পরায় পার্বত্য চট্টগ্রাম (খাগড়াছড়িসহ) ও চট্টগ্রাম শাসন করে। এরপর ব্রিটিশ সরকার ১৭৬০ সালের অক্টোবরে বাংলার নবাব মীর কাশিমের হাত থেকে চট্টগ্রাম এবং ১৭৮৫ সালে ত্রিপুরা মহারাজার কবল থেকে পার্বত্য চট্টগ্রামের (অংশ বিশেষ) ওপর চূড়ান্তভাবে কর্তৃত্ব লাভ করে। ২০ জুন ১৮৬০ পার্বত্য চট্টগ্রামকে চট্টগ্রাম থেকে বিচ্ছিন্ন করে স্বতন্ত্র জেলা হিসেবে ঘোষণা করা হয়। তখন পার্বত্য চট্টগ্রাম তিনটি মহকুমা নিয়ে গঠিত ছিল। এগুলো হলো কাপ্তাই (রাঙ্গামাটি), বান্দরবান ও খাগড়াছড়ি। ১৯৬৮ সালে খাগড়াছড়িকে থানায় উন্নীত করা হয় এবং ১৯৮১ সালে বান্দরবান এবং ৭ নভেম্বর ১৯৮৩ খাগড়াছড়ি পৃথক জেলা সৃষ্টি করা হয়।

নামকরণ

খাগড়াছড়ির প্রাচীন নাম ছিল 'তারক'। 'খাগড়াছড়ি' নামের উৎপত্তি হয় নল খাগড়ার বন থেকে। খাগড়াছড়ি সদরের বুক চিরে বয়ে গেছে একটি ছড়া নদী। ওই ছড়া নদীর দু'পাড়ে গভীর নল খাগড়ার বন ছিল। এই নল খাগড়ার বন থেকেই 'খাগড়াছড়ি' নামের উৎপত্তি। কথিত আছে 'খাগড়াছড়ি' একটি নদীর নাম। নদীপাড়ে খাগড়া বন থাকায় নামকরণ করা হয় খাগড়াছড়ি।

সাধারণ তথ্যাবলি

- প্রতিষ্ঠা : ৭ নভেম্বর ১৯৮৩
- সীমানা : উত্তর ও উত্তর-পশ্চিমে ভারতের ত্রিপুরা রাজ্য, পূর্ব ও দক্ষিণ-পূর্বে রাঙ্গামাটি, দক্ষিণ-পশ্চিমে চট্টগ্রাম, পশ্চিমে ফেনী নদী ও ভারতের ত্রিপুরা রাজ্য।
- আয়তন : ২,৭৪৯.১৬ বর্গ কিমি
- জনসংখ্যা : ৭,১৪,১১৯ জন [জনশুমারি ২০২২]
- ঘনত্ব : ২৬০ প্রতি বর্গ কিমি
- সাক্ষরতা (৭ বছর ও তদূর্ধ্ব) : ৭৪.৪% (SVRS)

প্রশাসনিক কাঠামো

- উপজেলা : ৯টি— সদর, দীঘিনালা, পানছড়ি, মহালছড়ি, মাটিরাঙ্গা, মানিকছড়ি, লক্ষ্মীছড়ী, রামগড় ও গুইমারা।
- থানা : ৯টি
- পৌরসভা : ৩টি
- ইউনিয়ন : ৩৮টি
- সংসদীয় আসন : ১টি।

♦ প্রধান নদনদী ➤ খাগড়াছড়ি জেলায় ফেনী, মাইনী।

■ রিছাং ঝর্ণা

রিছাং ঝর্ণা (সাপ মারা রিসাং ঝর্ণা নামেও পরিচিত) খাগড়াছড়ি জেলায় মাটিরাঙ্গা উপজেলার সাপমারা গ্রামে অবস্থিত একটি পাহাড়ি ঝর্ণা। মারমা ভাষায় রিং শব্দের অর্থ পানি আর ছাং এর অর্থ উঁচু স্থান হতে কোনো কিছু গড়িয়ে পড়াকে বোঝায়।

■ নিউজিল্যান্ড পাড়া

খাগড়াছড়ি সদরে নিউজিল্যান্ড পাড়া অবস্থিত। পানখাইয়া পাড়া এবং পোরাছড়ার কিছু অংশ নিউজিল্যান্ডের মতো হওয়ায় স্থানীয়দের কাছে এটি নিউজিল্যান্ড পাড়া হিসেবে পরিচিত।

■ আলুটিলা গুহা

আলুটিলা গুহা বাংলাদেশের পার্বত্য জেলা খাগড়াছড়িতে আরবারী পাহাড়ে অবস্থিত একটি প্রাকৃতিক গুহা। গুহাটিকে আলুটিলা রহস্যময় গুহাও বলা হয়।

জানেন কি : খাগড়াছড়ি

- আয়তনে দেশের : ২১তম
  চট্টগ্রাম বিভাগের : ৬ষ্ঠ
- জনসংখ্যায় দেশের : ৬০তম
  চট্টগ্রাম বিভাগের : নবম

মুক্তিযুদ্ধে খাগড়াছড়ি

- সেক্টর ➤ ১নং
- হানাদার বা শত্রুমুক্ত দিবস
  ৬ ডিসেম্বর : লক্ষ্মীছড়ি
  ৮ ডিসেম্বর : রামগড়
  ১২ ডিসেম্বর : পানছড়ি
  ১৪ ডিসেম্বর : দীঘিনালা
  ১৫ ডিসেম্বর : সদর, গুইমারা, মাটিরাঙ্গা আদর্শ
  ১৬ ডিসেম্বর : মানিকছড়ি, মহালছড়ি

উল্লেখযোগ্য স্থাপনা ও দর্শনীয় স্থান

- **সদর** ➤ জেলা পরিষদ পার্ক, পর্যটন মোটেল, পাহাড়ী কৃষি গবেষণা কেন্দ্র।
- **দীঘিনালা** : তুষার ফ্রুটস ভ্যালি (মিশ্র ফল বাগান), বন বিহার।
- **পানছড়ি** : মায়াবিনী পর্যটন লেক, শান্তিপুর অরণ্য কুটির।
- **লক্ষ্মীছড়ি** : চিৎজুরানি লেক, শিলাছড়ি প্রাকৃতিক সুড়ঙ্গ।
- **মহালছড়ি** : ক্যাপ্টেন কাদের সরণী, ধুমনী ঘাট।
- **রামগড়** : কালাডেবা সুইচ গেট, মহামুনি বৌদ্ধ বিহার, উপজেলা লেক।
- **মাটিরাঙ্গা** : আলুটিলা গুহা, ভগবান টিলা, শতবর্ষী বটগাছ।

উল্লেখযোগ্য ব্যক্তিত্ব

- কুজেন্দ্র লাল ত্রিপুরা (সাবেক এমপি ও রাজনীতিবিদ)।
- যতীন্দ্র লাল ত্রিপুরা (সাবেক সংসদ সদস্য ও পার্বত্য চট্টগ্রাম ভূমি জটিলতা নিরসন সম্পর্কিত টাস্ক ফোর্স চেয়ারম্যান)।
- ওয়াদুদ ভূইয়া (সাবেক সংসদ সদস্য ও রাজনীতিবিদ)।
- নব বিক্রম কিশোর ত্রিপুরা (চেয়ারম্যান পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড এবং বিশিষ্ট মুক্তিযোদ্ধা)।
- সাচিংঞ্চ চৌধুরী (মং রাজা, খাগড়াছড়ি)।
- প্রভাংশু ত্রিপুরা (লেখক ও গবেষক)।
- শেফালিকা ত্রিপুরা (বিশিষ্ট সমাজসেবী ও নারী উন্নয়ন কর্মী)।

প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ

পটভূমি

প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (PIB) তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের অধীন একটি স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান। ১৮ আগস্ট ১৯৭৬ একটি রেজলুশনের মাধ্যমে PIB প্রতিষ্ঠা করা হয়। এরপর ১৯৭৬ সালের রেজলুশনটি বাতিল করে নতুন আইন প্রণয়নের লক্ষ্যে ৫ ফেব্রুয়ারি ২০১৮ প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (PIB) আইন, ২০১৮ মন্ত্রিসভায় অনুমোদন দেওয়া হয়। ১১ জুলাই ২০১৮ বিলটি জাতীয় সংসদে পাস হয়। ২৯ জুলাই ২০১৮ রাষ্ট্রপতি বিলটিতে স্বাক্ষর করলে আইনে পরিণত হয়।

পরিচালনা বোর্ড

PIB ১৪ সদস্য বিশিষ্ট একটি বোর্ড দ্বারা পরিচালিত হয়। সংবাদপত্র পরিষদ, সম্পাদক সমিতি, সাংবাদিক ইউনিয়ন, সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের প্রতিনিধিবৃন্দ ও দেশের বিশিষ্ট ব্যক্তিদের সমন্বয়ে ১৪ সদস্যবিশিষ্ট এই বোর্ড গঠিত হয়। সরকার মনোনীত প্রখ্যাত সাংবাদিক অথবা শিক্ষাবিদদের মধ্য থেকে একজন চেয়ারম্যান প্রতি দুই বছরের জন্য এ বোর্ডের প্রধান হিসেবে দায়িত্ব পালন করেন। ইনস্টিটিউটের মহাপরিচালক পদাধিকারবলে পরিচালনা বোর্ডের সদস্য-সচিব থাকেন।

দায়িত্ব ও কার্যাবলি

- বিভিন্ন মন্ত্রণালয় বা বিভাগে কর্মরত জনসংযোগ কর্মকর্তা বা কোনো সংবিধিবদ্ধ সংস্থা বা স্থানীয় কর্তৃপক্ষের অধীনে কর্মরত সাংবাদিক, তথ্য ও গণমাধ্যমকর্মী বা উন্নয়ন ও যোগাযোগকর্মী এবং গণমাধ্যম সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের কর্মকালীন প্রশিক্ষণ ও আনুষঙ্গিক সুবিধা প্রদান
- সাংবাদিকদের প্রশিক্ষণ ও প্রশিক্ষণপ্রাপ্ত ব্যক্তিগণকে সার্টিফিকেট প্রদান
- সাংবাদিকতা বিষয়ে সার্টিফিকেট, ডিপ্লোমা ও অন্য কোনো ডিগ্রি কোর্স পরিচালনা এবং সনদ প্রদান
- প্রশিক্ষণ, সার্টিফিকেট, ডিপ্লোমা ও ডিগ্রি কোর্স পরিচালনার জন্য প্রয়োজনীয় কোর্স ডিজাইন, কারিকুলাম ও সিলেবাস প্রণয়ন
- প্রশিক্ষণ বা কোর্স পরিচালনা, গবেষণা ও প্রকাশনা এবং সাংবাদিকতা পেশার উন্নয়ন ও সমৃদ্ধির জন্য প্রযুক্তিগত সুযোগ-সুবিধা গড়ে তোলাসহ প্রয়োজনীয় কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়ন
- সাংবাদিকতায় বিশেষ অবদানের জন্য কোনো ব্যক্তিকে বিশেষ সম্মাননা প্রদান
- গণমাধ্যম সম্পর্কিত সাংবাদিকতার বিষয়ে নীতিমালা প্রণয়ন সংক্রান্ত বিষয়ে সরকার কিংবা অন্য কোনো কর্তৃপক্ষের অনুকূলে মতামত বা পরামর্শ প্রদান করা
- জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে সাংবাদিকতা, গণযোগাযোগ ও গণমাধ্যম সম্পর্কিত গবেষণা কার্যক্রম পরিচালনা এবং এ সম্পর্কিত তথ্য, উপাত্ত এবং প্রতিবেদন তৈরি ও প্রকাশ
- স্টিটিউট কর্তৃক প্রদত্ত সার্ভিস ও পরিচালিত যাবতীয় কর্মকাণ্ডের বোর্ড কর্তৃক ধার্যকৃত ও অনুমোদিত হারে 'ফি' গ্রহণ
- স্টিটিউটের কার্যপরিধিভুক্ত বিষয়ে জাতীয় ও আন্তর্জাতিক সংস্থাসমূহের সঙ্গে যোগাযোগ প্রতিষ্ঠা করা।

প্রশিক্ষণ কোর্স

সাংবাদিকতায় মাস্টার্স ও স্নাতকোত্তর ডিপ্লোমা প্রোগ্রাম : ২০০০ সালে সাংবাদিকতায় স্নাতকোত্তর ডিপ্লোমা (PGDJ) প্রোগ্রামের অনুমোদন দেয় জাতীয় বিশ্ববিদ্যালয়। ২০০০-২০০১ শিক্ষাবর্ষে প্রথম ব্যাচে শিক্ষার্থী ভর্তি করা হয়। এ পর্যন্ত পাঁচ শতাধিক শিক্ষার্থী সফলভাবে এ প্রোগ্রাম সম্পন্ন করেন। জাতীয় বিশ্ববিদ্যালয়ের অনুমোদনক্রমে PIB গণমাধ্যম ও সাংবাদিকতা বিষয়ে মাস্টার্স প্রোগ্রাম চালু করে। ২০১৯ শিক্ষাবর্ষে মাস্টার্স প্রোগ্রামে প্রথম পর্বে শিক্ষার্থী ভর্তি হয়।

লক্ষ্য ও উদ্দেশ্য

গবেষণা ও তথ্য সংরক্ষণ প্রেস ইনস্টিটিউট বাংলাদেশের লক্ষ্য ও উদ্দেশ্য হলো গণযোগাযোগের বিভিন্ন বিষয় এবং সমাজের ওপরে প্রভাব ও কার্যকারিতা নিয়ে গবেষণাকর্ম পরিচালনা, পুরানো দুর্লভ সংবাদপত্র সংক্রান্ত তথ্যসংগ্রহ এবং দুষ্প্রাপ্য সংবাদপত্রে প্রকাশিত তথ্য-সংগ্রহ ও প্রকাশ, গণমাধ্যম গবেষণা বিষয়ক মতবিনিময় অনুষ্ঠানের আয়োজন, গণমাধ্যম বিষয়ক সেমিনার, সংলাপ ও আলোচনা অনুষ্ঠানের আয়োজন সংবাদভিত্তিক ঘটনাপঞ্জি সংরক্ষণ ও বই আকারে প্রকাশ, ডিজিটাল নিউজ পেপার আর্কাইভ, গ্রন্থাগার ও সাইবার সেবা।

সাংবাদিকের সংজ্ঞা : সাংবাদিক অর্থ এমন কোনো ব্যক্তি যিনি প্রিন্ট মিডিয়া, ইলেকট্রনিক ও অনলাইন মিডিয়া বা বার্তা সংস্থার কাজে একজন সার্বক্ষণিক সাংবাদিক হিসেবে নিয়োজিত রয়েছেন অথবা উক্ত মিডিয়া বা সংস্থার সম্পাদক, বার্তা-সম্পাদক, উপ-সম্পাদক, সহকারী সম্পাদক, ফিচার লেখক, রিপোর্টার, সংবাদদাতা, কপি রাইটার, কার্টুনিস্ট, সংবাদ চিত্রগ্রাহক এবং সম্পাদনা সহকারী, এবং সরকার কর্তৃক, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, নির্ধারিত কোনো পদধারীগণও ইহার অন্তর্ভুক্ত হবেন।

Fact File

প্রতিষ্ঠান : প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (PIB) ▌ইংরেজি : Press Institute of Bangladesh (PIB) ▌প্রতিষ্ঠা: ১৮ আগস্ট ১৯৭৬ ▌প্রধান কার্যালয় : ৩ সার্কিট হাউস রোড, ঢাকা-১০০০ ▌নির্বাহী প্রধান : মহাপরিচালক ▌যে মন্ত্রণালয়ের অধীন : তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়।

বিচিত্র-বিশ্ব

২৪ ঘণ্টায় ১১১ জনের রূপসজ্জা

আফ্রিকার দেশ সিয়েরা লিওনের রূপসজ্জা শিল্পী মেরি ইয়ংগাই ১ দিনে (২৪ ঘণ্টায়) ১০০ জনকে সাজানোর লক্ষ্য ঠিক করেন। কিন্তু শেষ পর্যন্ত তিনি ১১১ জনকে সাজাতে সক্ষম হন। এর মধ্য দিয়ে মেরি শুধু নিজের ঠিক করা লক্ষ্যকেই ছাপিয়ে যাননি; বরং তিনি ১৯ বছর আগের একটি বিশ্ব রেকর্ড ভেঙে দেন। গিনেস ওয়ার্ল্ড রেকর্ডসের ওয়েবসাইটে বলা হয়, এক দিনে সর্বোচ্চ সংখ্যক মানুষের রূপসজ্জা করানোর রেকর্ডটি এতদিন ইন্দোনেশিয়ার মার্থা তিলারের দখলে ছিল। ২০০৫ সালে তিনি ৯৬ জনকে সাজিয়ে রেকর্ডটি গড়েন।

সর্বাধিক চাল খেয়ে রেকর্ড

১৭ ফেব্রুয়ারি ২০২৪ চপস্টিক দিয়ে মিনিটে ৩৭টি চাল খেয়ে গিনেস ওয়ার্ল্ড রেকর্ডসে জায়গা করে নেন সুমাইয়া খান নামে এক বাংলাদেশি নারী। গিনেস ওয়ার্ল্ড রেকর্ডসের ইনস্টাগ্রাম অ্যাকাউন্টে সম্প্রতি এ ঘটনার একটি ভিডিও প্রকাশ করা হয়। এতে দেখা যায়, সুমাইয়া চপস্টিক দিয়ে ১ মিনিটের মধ্যেই ৩৭টি চাল সাবাড় করে ফেলেন। গিনেসের ওয়েবসাইটের তথ্য অনুযায়ী, ২০২২ সালের এপ্রিলে ক্যালিফোর্নিয়ার স্ট্যানফোর্ডে চপস্টিক দিয়ে মিনিটে ২৭টি চাল খাওয়া টেল্যান্ড লা'র রেকর্ড ভাঙেন সুমাইয়া খান।

বিশ্বের ক্ষুদ্রতম রুবিকস কিউব

জাপানের খেলনা নির্মাতা প্রতিষ্ঠান মেগাহাউস ক্ষুদ্রাকৃতির রুবিকস কিউব তৈরি করে। এটার আকার এতটাই ছোট যে এ ধাঁধা মেলাতে চিমটার প্রয়োজন পড়তে পারে। অ্যালুমিনিয়ামের তৈরি এই কিউব মাত্র ৫ মিলিমিটার (০.২ ইঞ্চি) আকারের। মাত্র ০.৩ গ্রাম ওজনের কিউবটি মূল কিউবের এক হাজার ভাগের একভাগ মাত্র। মেগাহাউস রুবিকস কিউব আকারে ছোট হলেও এর দাম প্রায় ৬,৩৬,০০০ টাকা (৫৩২০ মার্কিন ডলার)। গিনেস ওয়ার্ল্ড রেকর্ডসের পক্ষ থেকেও একে বিশ্বের সবচেয়ে ঘূর্ণায়মান পাজল কিউব হিসেবে ২০২৪ সালের আগস্টে স্বীকৃতি দেওয়া হয়।

আকাশে ইমোজি তৈরির রেকর্ড

ক্যানসারে আক্রান্ত যুক্তরাজ্যের ক্রিস্টোফার ব্র্যাডবুরি চিকিৎসা নিতে নিতেই ড্রোন শোতে (আকাশে ড্রোনের প্রদর্শনী) আগ্রহী হয়ে ওঠেন। এমনকি ব্যতিক্রমী ড্রোন শো করে গড়েন বিশ্ব রেকর্ডও। ড্রোনের মাধ্যমে মাত্র ৩ মিনিটে আকাশে সর্বোচ্চসংখ্যক ইমোজি তৈরি করে গিনেস ওয়ার্ল্ড রেকর্ডসে নাম লেখান ব্র্যাডবুরি। সম্প্রতি ব্র্যাডবুরি যে রেকর্ড করেছেন, তাতে ১০৯টি ড্রোন কাজে লাগান তিনি। এগুলো দিয়ে বিভিন্ন ধরনের মুখচ্ছবি, রকেট, চুম্বক ও বেগুনের ইমোজি তৈরি করেন। একপর্যায়ে ৩ মিনিটে ৩০টি ইমোজি তৈরি করতে পেরেছেন। গিনেস বুকে আগের রেকর্ডটি ছিল ২৪টি ইমোজি তৈরির। রেকর্ডটি ছিল যুক্তরাষ্ট্রের ড্রোন প্রদর্শনীবিষয়ক প্রতিষ্ঠান স্কাই এলিমেন্টসের। ২০০৭ সালে পরীক্ষামূলক ড্রোন ওড়ানো শুরু করে ব্র্যাডবুরি।

৮৩ ফুট ওপর থেকে পড়েও অক্ষত ডিম

যুক্তরাষ্ট্রের পেনসিলভানিয়ার একদল শিক্ষার্থী ৮৩ ফুট উঁচু থেকে ডিম ফেলে তা অক্ষত রাখার কৃতিত্ব দেখিয়ে নতুন বিশ্ব রেকর্ড গড়েন। এ কাজে আগের রেকর্ডটি ছিল ভারতীয় নাগরিক রিতেশ এনের। ২০২৩ সালের ডিসেম্বরে ৫৪.১৩ ফুট উঁচু থেকে ডিম ফেলে তা অক্ষত রাখার মধ্য দিয়ে গিনেস ওয়ার্ল্ড রেকর্ডসে জায়গা করে নেয়।

পানির ওপর বাইক চালিয়ে রেকর্ড

কৃষ্ণসাগরের তীরঘেঁষা কোবুলেটি থেকে পোটি শহরে পানির ওপর দিয়ে ৩৩ কিলোমিটার বাইক চালিয়ে বিশ্বরেকর্ড করেন জর্জিয়ার বাইকার জর্জি গাখেলাদজে। ১১ সেপ্টেম্বর ২০২৪ ধারণ করা ভিডিও ফুটেজে দেখা যায়, বিশেষ ধরনের একটি মোটরসাইকেলে চড়ে ঢেউ ঠেলে এগিয়ে যাচ্ছেন গাখেলাদজে। মাত্র ৩৩ মিনিটে ৩৩ কিলোমিটার পথ পাড়ি দিয়ে ভেঙে দেন আগের সব রেকর্ড। এর আগে ২০২১ সালে রবি ম্যাডিসন ওয়াটার স্কি মোটরসাইকেলে করে বসফরাস প্রণালিতে ৩১.৭ কিলোমিটার পথ পাড়ি দেন।

বদমেজাজি মাছ

সাগরে এক নতুন ধরনের মাছের সন্ধান পান বিজ্ঞানীরা। তারা এটিকে 'বদমেজাজি চেহারার' মাছ বলে বর্ণনা করেন। তাই এ মাছের নামকরণ করা হয় গ্রাম্পি ডোয়ার্ফগোবি। 'ডোয়ার্ফ' (বামন) বলা হচ্ছে এর ছোট আকারের কারণে। মাছটি লম্বায় দুই সেন্টিমিটারের কম। আর 'গোবি' নামটি আসার কারণ, মাছটি গোবিডি পরিবারের অন্তর্ভুক্ত। নতুন পাওয়া এ মাছের প্রজাতির বৈজ্ঞানিক নাম সুয়েভিওতা এথন। লোহিত সাগরের প্রবাল প্রাচীরের মধ্যে পাওয়া গেছে এ মাছের সন্ধান। সৌদি আরবের কিং আবদুল্লাহ ইউনিভার্সিটি অব সায়েন্স অ্যান্ড টেকনোলজি এবং যুক্তরাষ্ট্রের ওয়াশিংটন বিশ্ববিদ্যালয়ের একদল গবেষক নতুন আবিষ্কৃত মাছটি সম্পর্কে তথ্য প্রকাশ করেন।

❖ বিসিএস ❖ বিশ্ববিদ্যালয় ভর্তি ❖ প্রাইমারি ❖ ব্যাংক ❖ শিক্ষক নিবন্ধন
ভাইবা সহ যেকোন চাকুরির পূর্ণাঙ্গ ও দৃঢ় প্রস্তুতির জন্য অপরিহার্য ও অনন্য।

জাহিদ সোহেল স্যারের তথ্য সমৃদ্ধ বিশেষ মানচিত্র

(বাংলাদেশ, পৃথিবী এবং পর্যায় সারণী ও বিজ্ঞানের মানচিত্র)

যে কোন প্রতিযোগিতা মূলক পরীক্ষায় মাত্র ৩ টি মানচিত্র থেকে সাধারণ জ্ঞান ও বিজ্ঞানের ৫০% কমন।

মানচিত্র ছাড়া জ্ঞান পরিপূর্ণ হয়না!
মানচিত্র ছাড়া BCS/JOB হয় না!!

কিভাবে মানচিত্র পড়বো! কিভাবে জয় করবো!?
শিঘ্রই বাজারে আসছে-
মানচিত্র ভিত্তিক সাধারণ জ্ঞানের বই

মানচিত্র পাঠের সহজ কৌশল

যারা অনেক পড়েন কিন্তু মনে থাকেনা: পরীক্ষার হলে কনফিউজড হয়ে যান; যারা অল্প সময়ে দৃঢ়তার সাথে প্রস্তুতি নিতে চান.. এটি তাদের জন্য। প্রায় ১০০০ সহজ ছন্দ, সূত্র ও মনেরাখার দুর্দান্ত কৌশল নিয়ে-

* ছন্দ ও কৌশল

* রেড কার্ড * ভাইভা কৌশল

দেশবরেণ্য শিক্ষাবিদ, বুদ্ধিজীবী, ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান স্যার কে জাহিদ সোহেল স্যার পৃথিবী ও বাংলাদেশ মানচিত্রের নতুন সংস্করণ শুভেচ্ছা স্মারক হিসাবে প্রদান করলে, তিনি এটিকে একটি অনবদ্য, চমৎকার সৃজনশীল ও শিক্ষামূলক গবেষণা কর্ম হিসেবে প্রশংসা করেন।

সাবধান! নকল হতে সাবধান! সস্তার তিন অবস্থা! বিভিন্ন প্রকাশনীর সস্তা মানচিত্র নকল ও আমার মানচিত্রের পুরোনো সংস্করণ। একটি ভুল তথ্য আপনার জীবন হতে ১টি বছর/১টি সুযোগ/১টি চাকরি নষ্ট করে দিতে যথেষ্ট। তাই বাংলাদেশে ১ম তথ্যসমৃদ্ধ মানচিত্রের প্রণেতা জাহিদ সোহেল স্যার' সম্পাদিত মানচিত্র দেখে, আপডেট উভয় পৃষ্ঠা ছাপা মানচিত্র কিনুন মাত্র ৯০/- (প্রতিটি)।

প্রাপ্তিস্থান: সুমন: ০১৭১৬০২৭৬৫৫/দি বুক/প্রমিজ/জেনেটিক্স, নীলক্ষেত: মামুন/নাহার/তাজ/আলম বুক, ফার্মগেট: তেফাজ্জেল, ইউসিসি লাইব্রেরিসহ সারা দেশে

জাহিদ সোহেল একাডেমি

❖ বিসিএস ❖ বিশ্ববিদ্যালয় ভর্তি ❖ শিক্ষক নিবন্ধন
- সুশিক্ষা, কর্মসংস্থান ও আত্মউন্নয়নে

জাহিদ সোহেল স্যারের নিকট সরাসরি অনলাইনে মানচিত্র ও সাধারণ জ্ঞান শেখার দুর্দান্ত প্যাকেজ কোর্স মাত্র ৫০০/- টাকা এবং ১ দিনে মানচিত্র/সা.জ্ঞান শেখার বিশেষ ক্লাস/সেমিনারে অংশ নিতে

মাত্র ১০০/- বিকাশ/নগদ করে এসএমএস/হোয়াটসঅ্যাপে তথ্য দিন। আসন সংখ্যা সীমিত।

● অনলাইন ভর্তি চলছে। যোগাযোগ: জাহিদ সোহেল স্যার: ০১৭১২-১৯৭৬৬২। ০১৭৬৬-৬২২৩৫৫ (অফিস)

Follow Us On
Experience the art of travel...
HOLIDAY Village
Visa Processing
Ticketing
Flight Reservations
Hotel Booking
Outdoor recreation activities
Holiday Village
Apt- B3, House-24, Road-01, Block-B
Niketan, Gulshan-1, Dhaka-1212, Bangladesh
Contact: +880171159
E-mail: holidayvillage2 @gmail.com



একটি
স্কয়ার
পণ্য
কেমিক্যালের
ন্যাচারাল পাওয়ারে
pel
DUAL
ACTION
AEROSOL
KILLS FASTER
REPELS LONGER
NATURAL PMD
ডেঙ্গু, চিকুনগুনিয়া সহ
প্রাণঘাতী মশা থেকে সুরক্ষা
স্কয়ার পণ্য দেশের জন্য
স্কয়ার টয়লেট্রিজ লিমিটেড